



ঈদে ঘরমুখো মানুষের ওপর চরম জুলুম চলছে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ঈদযাত্রায় ঘরমুখো মানুষের দুর্ভোগ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন ডা. শফিকুর রহমান। তাঁর অভিযোগ, পরিবার-স্বজনের সঙ্গে ঈদ উদ্‌যাপনের উদ্দেশ্যে বাড়ি ফেরা সাধারণ মানুষের ওপর চরম ভোগান্তি ও হয়রানি চাপিয়ে দেওয়া হচ্ছে।

শুক্রবার (২০ মার্চ) সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে বাংলাদেশ জামায়াতে ইসলামী-এর আমির এই মন্তব্য করেন। তিনি বলেন, ঈদকে কেন্দ্র করে শহর ছাড়ছে বিপুলসংখ্যক মানুষ। প্রিয়জনদের সঙ্গে আনন্দ ভাগাভাগি করার আশায় তারা সারা বছর অপেক্ষা করে থাকেন, কিন্তু এবারের যাত্রাপথে তাদের নানামুখী দুর্ভোগ পোহাতে হচ্ছে। ফেসবুক পোস্টে তিনি আরও দাবি করেন, দেশের ইতিহাসে অন্যতম ভয়াবহ অব্যবস্থাপনার নজির দেখা যাচ্ছে এবার। তাঁর মতে, এর দায় সরকার এড়াতে পারে না। সরকার গঠনের পর দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর বক্তব্যই এমন পরিস্থিতির ভিত্তি তৈরি করেছে বলেও মন্তব্য করেন তিনি।

এ সময় জনগণকে বিভ্রান্ত করা হচ্ছে বলেও অভিযোগ তোলেন তিনি। বলা হচ্ছে ঈদযাত্রায় বাসভাড়া স্বাভাবিকের তুলনায় কম নেওয়া হচ্ছে, অথচ বাস্তবে তা সঠিক নয় বলে দাবি করেন তিনি। সাধারণ মানুষের কষ্ট ও হতাশার দায় কে নেবে এমন প্রশ্নও তোলেন এই রাজনৈতিক নেতা।

দেশের ভবিষ্যৎ নিয়েও শঙ্কা প্রকাশ করে তিনি বলেন, আবারও স্বৈরতান্ত্রিক পরিস্থিতির আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না।

একই সঙ্গে সতর্কবার্তা দিয়ে তিনি বলেন, কেউ স্বৈরশাসন কায়েমের চেষ্টা করলে সচেতন তরুণ সমাজ ও জনগণ তা মেনে নেবে না।

সময় থাকতে সংশ্লিষ্টদের সতর্ক হওয়ার আহ্বান জানান তিনি। অন্যথায় সৃষ্ট সংকটের দায় সংশ্লিষ্টদেরই বহন করতে হবে বলে হুঁশিয়ারি দেন।